

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৮১

১/ ঈমান

পরিচ্ছেদঃ নবী-প্রীতি ঈমানের অঙ্গ

আরবী

عَن عَائِشَةَ قَالَتْ: جَاءَ رَجُلُ إِلَى النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: يَا رَسُولَ اللهِ وَاللهِ وَاللهِ إِنَّكَ لأَحَبُ إِلَيَّ مِنْ أَهْلِي وَمَالِي وَأَحَبُ إِلَيَّ مِنْ وَلَدِي وَإِنِّي النَّكُونُ فِي الْبَيْتِ فَأَذْكُرُكَ فَمَا أَصْبِرُ حَتَّى آتِيَكَ فَأَنْظُرَ إِلَيْكَ وَإِذَا ذَكَرْتُ مَوْتِي وَمَوْتَكَ عَرَفْتُ أَنَّكُ إِنَا ذَكَرْتُ مَوْتِي وَمَوْتَكَ عَرَفْتُ أَنَّكُ إِذَا دَخَلْتَ الْجَنَّةَ رُفِعَتْ مَعَ النَّبِيِّينَ وَإِنِّي إِذَا دَخَلْتُ الْجَنَّةَ خَشِيتُ أَنْ لا عَرَفْتُ أَنَّكُ إِذَا دَخَلْتُ الْجَنَّةَ رُفِعَتْ مَعَ النَّبِيِينَ وَإِنِي إِذَا دَخَلْتُ الْجَنَّةَ خَشِيتُ أَنْ لا عَرَفْتُ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ شَيْئًا حَتَّى نَزَلَ جِبْرِيلُ عَلَيْهِ السَّلامُ بِهَذِهِ النَّيِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ شَيْئًا حَتَّى نَزَلَ جِبْرِيلُ عَلَيْهِ السَّلامُ بِهَذِهِ الْآيَقِ : وَمَنْ يُطِعِ اللهَ وَالرَّسُولَ فَأُولَئِكَ مَعَ النَّذِينَ أَنْعَمَ اللهُ عَلَيْهِمْ مِنَ النَّبِيِينَ وَالصَّالِحِينَ وَالصَّالِحِينَ

বাংলা

(৮১) আয়েশা (রাঃ) কর্তৃক বর্ণিত, একদা এক ব্যক্তি [সাওবান (রাঃ)] নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বললেন, 'হে আল্লাহর রাসুল! আপনি আমার নিকট আমার জান-মাল, সন্তান-সন্ততি অপেক্ষা অধিক প্রিয়। বাড়িতে অবস্থানকালে আপনার স্মরণ হলে আপনাকে দর্শন না করা পর্যন্ত ধৈর্য হয় না, তখন আপনার নিকট এসে সাক্ষাৎ করি। কিন্তুও যখন আপনার ও আমার মৃত্যুর কথা স্মরণ করি, তখন ভাবি যে, আপনি যখন জান্নাতে প্রবেশ করবেন, তখন আপনি নবীদের সঙ্গে বাস করবেন। আর আমি যখন জান্নাতে প্রবেশ করব, তখন আপনার সঙ্গে হয়তো সাক্ষাৎ হবে না। এই ভেবে ভীষণ শঙ্কিত হই।' এ কথা শুনে মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে কোন উত্তর দিলেন না। অতঃপর এই আয়াত অবতীর্ণ হল, যার অর্থ, যারা আল্লাহ্ ও তাঁর রাসুলের আনুগত্য করবে, তারা (পরকালে) ঐ সমস্ত মহান ব্যক্তিদের সঙ্গে থাকবে, যাদের প্রতি আল্লাহর অনুগ্রহ অবতীর্ণ হয়েছে। অর্থাৎ নবীগণ, সত্যবাদীগণ, শহীদগণ এবং সৎব্যক্তিগণের সঙ্গে। (সুরা নিসা ৬৯ আয়াত)।

ফুটনোট

(ত্বাবারানীর আওসাত্ব ৪৭৭, সবাগীর ৫২, সিঃ সহীহাহ ২৯৩৩)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন